

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ওপর পুলিশি হামলা : আহত ১৫, আটক ৪

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীদের ব্যাপক মারধর এবং ৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ। ওই বিভাগের শিক্ষার্থীরা তাদের বিভাগটিকে কলা অনুষদ থেকে সমাজবিজ্ঞান অনুষদে অন্তর্ভুক্তির দাবি জানিয়ে গতকাল সকালে প্রশাসনিক ভবনের সামনে এক সমাবেশ করলে পুলিশ তাদের ওপর লাঠিচার্জ করে। লাঠিচার্জে ১৫ শিক্ষার্থী গুরুতর আহত হয়। এ সময় পুলিশ ওই বিভাগের ৪ শিক্ষার্থীকে গ্রেফতার করে নিয়ে যায়। এ রিপোর্ট লেখা পর্যন্ত গ্রেফতারকৃতদের বিষয়ে প্রশাসনের সঙ্গে ওই বিভাগের শিক্ষকদের বৈঠক চলছিল।

জানা যায়, দীর্ঘদিন ধরে যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীরা তাদের বিভাগটিকে কলা অনুষদের পরিবর্তে সমাজ বিজ্ঞান অনুষদে অন্তর্ভুক্তির দাবি জানিয়ে

আসছিল। প্রশাসন তাদের বারবার আশ্বাস দিয়ে এ ব্যাপারে কোন উদ্যোগ নেয়নি। গত কয়েকদিন ধরে ওই বিভাগের শিক্ষার্থীরা তাদের বিভাগটিকে সমাজবিজ্ঞান অনুষদে অন্তর্ভুক্তির ব্যাপারে জোর আন্দোলন করে আসছিল। এ ব্যাপারে তারা গতকাল চবি প্রশাসনিক ভবনের সামনে এক বিক্ষোভ সমবেশের আয়োজন করে। সমাবেশ চলাকালে এক পর্যায়ে পুলিশ ব্যানার নিয়ে টানাটানি শুরু করে এবং সভা বন্ধ করতে বলে। কিন্তু শিক্ষার্থীরা সভা বন্ধ করবে না বলে জানালে পুলিশ তাদের ওপর লাঠিচার্জ করে। এ সময় পুলিশের লাঠিচার্জে ১৫ শিক্ষার্থী আহত হয়। এর মধ্যে ৭ জনের নাম জানা গেছে। আহতরা হলেন- সালাউদ্দিন, কামালউদ্দিন, শাহ আলম, যুথীকা রানী ঘোষ, সাকিব ও নাহিম ইউসুফী। আহতদের স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এ সময় পুলিশ ওই বিভাগের হামলা : পৃষ্ঠা : ১১ ক : ৬

### হামলা : শিক্ষার্থীদের ওপর

(১ম পৃষ্ঠার পর)

৪ শিক্ষার্থীকেও গ্রেফতার করে। গ্রেফতারকৃতরা হলেন- মঈনুল ইসলাম (মাস্টার্স শেষ পর্ব), শাহীনুল হক (৩য় বর্ষ), টিটল (১ম বর্ষ) এবং গোলাম রসুল উইয়া (১ম বর্ষ)।

শিক্ষার্থীরা এ ব্যাপারে বলেন, তারা সৃষ্টভাবে সভা করলেও পুলিশ তাদের বাধা দেয়। সে সময় কয়েকজন শিক্ষার্থী পুলিশের সঙ্গে তর্কে দিগু হয়। তাদের এক পর্যায়ে পুলিশ শিক্ষার্থীদের ওপর হামলা চালায়। এ ব্যাপারে চবি সহকারী প্রক্টর আশিকুর রহমান বলেন, ছাত্র ও পুলিশের মূল বোঝাবুঝির কারণে এ সমস্যা সৃষ্টি হয়েছে। তবে তারা অতি দ্রুত এ সমস্যা সমাধানের চেষ্টা চালাচ্ছেন।